

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

নথি নং-৩(২৩) শুল্ক-৪/৮৫/

তারিখ : ০৭/০৯/২০০০ ইং।

অফিস স্মারক

বিষয় : ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউস কর্তৃক বৈদেশিক মুদ্রার বিপরীতে শুল্ক-কর পরিশোধ পূর্বক বিদেশীদের নিকট পণ্য বিক্রয়ের অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউসসমূহ শুল্ক-কর পরিশোধ না করে পণ্য আমদানী করে এবং শুল্কমুক্তভাবে ডিপ্লোমেট এবং প্রিভিলেজড পারসন্সদের নিকট বৈদেশিক মুদ্রায় বিক্রি করে থাকে। এ সকল ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস থেকে শুল্ক-কর পরিশোধ করে বৈদেশিক মুদ্রার বিপরীতে বিদেশী নাগরিকদের নিকট পণ্য বিক্রয়ের অনুমতি প্রদান করা যেতে পারে। এক্ষেত্রে লাইসেন্স প্রাপ্ত কোন ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস কর্তৃপক্ষ শুল্ক-করাদি পরিশোধ করে বৈদেশিক মুদ্রায় বিদেশী নাগরিকদের নিকট পণ্য/দ্রব্যাদি (যা বর্তমানে তাদেরকে বন্ডে আনতে দেয়া হয়) বিক্রয় করতে চাইলে সংশ্লিষ্ট কমিশনার জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করে অনুমতি পত্র নিতে পারবেন।

০২। তবে, এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক, বাণিজ্য মন্ত্রণালয় এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি গ্রহণ করতে হবে এবং প্রতি ব্যক্তির নিকট (বিদেশী নাগরিক) মাসে সিএন্ডএফ ৭২০ টাকা মূল্যের লিকার ও টোবাকো এবং সিএন্ডএফ ৬০০ টাকা মূল্যের খাদদ্রব্য ও অন্যান্য পণ্য বিক্রি করা যাবে ও ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউসসমূহ কর্তৃক শুল্ক-কর পরিশোধ করে বৈদেশিক মুদ্রার বিপরীতে বিদেশী নাগরিকদের নিকট পণ্য বিক্রয় সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য কাস্টম হাউজ, ঢাকা আদেশ জারি করবে।

(শাহনাজ পারভীন)

দ্বিতীয় সচিব (শুল্ক ও রপ্তানি ও বন্ড)

প্রাপক :

কমিশনার

কাস্টম হাউজ

ঢাকা।